“মুজিব বর্ষের আহবান
সেবায় মিলবে পরিত্রাণ”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদপ্তর
(গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখা)
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
www.dss.gov.bd

নম্বর: ৪১.০১.০০০০.০২০.১৬.০০১.২২.১৭২

তারিখ: ২১ ফাল্গুন ১৪২৮
০৭ মার্চ ২০২২

বিষয়: ফেব্রুয়ারি ২০২২ মাসের মাসিক অগ্রগতির প্রতিবেদন (ক্যাবিনেট রিপোর্ট) প্রেরণ।

সূত্র: সমাজকল্যাণ মন্ত্রণালয়ের ০১ জানুয়ারি ২০২০ তারিখের ৪১.০০.০০০০.০২৪.১৬.০০৩.১৮ (অংশ-২)-০১ সংখ্যক পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত নির্ধারিত “ছক” মোতাবেক সমাজসেবা অধিদপ্তরের ফেব্রুয়ারি ২০২২ মাসের মাসিক অগ্রগতির প্রতিবেদন (ক্যাবিনেট রিপোর্ট) সদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্ত: বর্ণনামতে (সফট কপি ই-মেইলে প্রেরণ করা হলো)।

শেখ রফিকুল ইসলাম
মহাপরিচালক
ফোন: ৫৫০০৭০২৪
ফ্যাক্স: ৪৮১১৮৫৭১
ই-মেইল: dg@dss.gov.bd

সচিব
সমাজকল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

# মন্ত্রণালয়/বিভাগসমূহের মাসিক প্রতিবেদন ছক

মন্ত্রণালয়/বিভাগের নাম: সমাজসেবা অধিদপ্তর।

প্রতিবেদনাধীন মাসের নাম: ফেব্রুয়ারি ২০২২ প্রতিবেদন প্রস্তুতির তারিখ : ০৩-০৩-২০২২ খ্রি:

(১) প্রশাসনিক

ক.১ কর্মকর্তা/কর্মচারির সংখ্যা (রাজস্ব বাজেটে ) :

| সংস্থার স্তর | অনুমোদিত পদ | পূরণকৃত পদ | শূন্যপদ | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| মন্ত্রণালয় | -- | -- | -- | -- |
| অধিদপ্তর/সংস্থাসমূহ/সংযুক্ত অফিস ( মোট পদ সংখ্যা ) | ১২,৯৮৫ | ১১,০৬০ | ১,৯২৫ | |
| মোট | ১২,৯৮৫ | ১১,০৬০ | ১,৯২৫ | |

ক.২ শূন্য পদের বিন্যাস :

| অতিরিক্ত সচিব/তদুর্ধ্ব পদ | জেলা কর্মকর্তার পদ (যেমন-ডিসি/এসপি) | অন্যান্য ১ম শ্রেণির পদ | ২য় শ্রেণির পদ | ৩য় শ্রেণির পদ | ৪র্থ শ্রেণির পদ | মোট |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| প্রযোজ্য নয় | প্রযোজ্য নয় | ১২৩ | ৪১১ | ১০৭৬ | ৩১৫ | ১,৯২৫ |

ক.৩ অতীব গুরুত্বপূর্ণ (Strategic) পদ শূন্য থাকলে তার তালিকা :

পরিচালক -০৩টি
অতিরিক্ত পরিচালক -০৩টি
সহকারি পরিচালক -১৯টি
সমাজসেবা অফিসার/সমমান -৯৮টি

ক.৪ নিয়োগ/পদোন্নতি প্রদান :

| প্রতিবেদনাধীন মাসে পদোন্নতি | | | নতুন নিয়োগ প্রদান | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| কর্মকর্তা | কর্মচারী | মোট | কর্মকর্তা | কর্মচারী | মোট | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| -- | -- | -- | -- | - | - | -- |

ক.৫ শূন্য পদ পূরণে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: প্রযোজ্য নয়।

খ.১ ভ্রমণ/পরিদর্শন (দেশে-বিদেশে) : প্রযোজ্য নয়।

| | মন্ত্রী | | প্রতিমন্ত্রী/উপমন্ত্রী | | সচিব | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | দেশে | বিদেশে | দেশে | বিদেশে | দেশে | বিদেশে | |
| | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ভ্রমণ/পরিদর্শন | - | - | - | - | - | - | - |
| উন্নয়ন প্রকল্প পরিদর্শন | - | - | - | - | - | - | - |
| পার্বত্য চট্টগ্রামে ভ্রমণ | - | - | - | - | - | - | - |

খ.২. উপরিউক্ত ভ্রমণের পর ভ্রমণ বৃত্তান্ত পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যা : প্রযোজ্য নয়।

২) আইন-শৃঙ্খলা বিষয়ক (স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জন্য)

ক. অপরাধ সংক্রান্ত : প্রয়োজ্য নয়।

খ. দ্রুত বিচার আইনের প্রয়োগঃ প্রয়োজ্য নয়।

গ. জেলে বন্দীর সংখ্যাঃ প্রয়োজ্য নয়।

গ.১ মৃত্যুদন্ড প্রাপ্ত আসামি সংক্রান্ত : প্রয়োজ্য নয়।

ঘ. প্রশাসনিক প্রয়োজনে কোন বিধি বিধান জরুরিভাবে প্রণয়ন বা সংশোধনের প্রয়োজন অনুভূত হলে তার বর্ণনাঃ প্রয়োজ্য নয়।

(৩) অর্থনৈতিক (অর্থ বিভাগের জন্য) : প্রয়োজ্য নয়।

(৪) উন্নয়ন প্রকল্প সংক্রান্ত তথ্যঃ

(ক) উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্তঃ (অঙ্কে ও কথায়) :

| বর্তমান অর্থবছরে আরএডিপিতে বরাদ্দ (কোটি টাকায়) | প্রতিবেদনাধীন মাস পর্যন্ত ব্যয়ের পরিমাণ ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের শতকরা হার | প্রতিবেদনাধীন মাসে নতুন প্রকল্প অনুমোদিত হয়ে থাকলে তার তালিকা | প্রতিবেদনাধীন মাসে মন্ত্রণালয়ে এডিপি রিভিউ সভার তারিখ |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ৪৮২.৪০<br>(চারশত বিরাশি কোটি চল্লিশ লক্ষ টাকা) | ১১৭.৮৯৪৩<br>(একশত সতের কোটি উননব্বই লক্ষ তিতাল্লিশ হাজার টাকা)<br>২৪% | ১। জামালপুর জেলার ইসলামপুর, মেলান্দহ ও বকশীগঞ্জ উপজেলার দু:স্থ ও অসহায় জনগোষ্ঠীর বিভিন্ন ট্রেড ভিত্তিক প্রশিক্ষণের মাধ্যমে পুনর্বাসন ও আর্থ-সামাজিক উন্নয়ন<br>২। গোপালগঞ্জ জেলার কোটালীপাড়া, টুঙ্গীপাড়া ও মকসুদপুর উপজেলার দু:স্থ ও অসহায় জনগোষ্ঠীর মধ্যে বিভিন্ন ট্রেড ভিত্তিক দক্ষতা উন্নয়ন এবং আয়-উপার্জনে সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে দারিদ্র বিমোচন | ২২/১১/২০২১<br>ও<br>০৬/০১/২০২২ |

খ. প্রকল্পের অবস্থা সংক্রান্ত তথ্য :

| প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রকল্পের তালিকা | প্রতিবেদনাধীন মাসে উদ্বোধনকৃত সমাপ্ত প্রকল্পের তালিকা | প্রতিবেদনাধীন বছরে চলমান প্রকল্পের কম্পোনেন্ট হিসেবে সমাপ্ত গুরুত্বপূর্ণ অবকাঠামো | আগামী দু'মাসের মধ্যে উদ্বোধন করা হবে এমন সমাপ্ত প্রকল্পের তালিকা |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| - | | ১। ভবন নির্মাণ।<br>২। হাসপাতাল ভবন নির্মাণ। | -- |

(৫) উৎপাদন বিষয়ক (সংশ্লিষ্ট মন্ত্রণালয় পূরণ করবে)

ক. কৃষি/শিল্প পণ্য, সার, জ্বালানি ইত্যাদিঃ প্রয়োজ্য নয়।

খ. কোন বিশেষ সামগ্রী/সার্ভিসের উৎপাদন বা সরবরাহ মূল্যের ক্ষেত্রে বড় রকমের সমস্যা বা সঙ্কটের আশঙ্কা করা হলে তার সংক্ষিপ্ত বর্ণনাঃ প্রয়োজ্য নয়।

গ. বিদ্যুৎ সরবরাহ (মেগাওয়াট) : প্রয়োজ্য নয়।

ঘ. বিদ্যুতের সিস্টেম লস (শতকরা হারে) : প্রয়োজ্য নয়।

ঙ. ডেসার লোডশেডিং- এর সময়কাল (ঘন্টায়) : প্রয়োজ্য নয়।

চ. জ্বালানী তেলের সরবরাহ (মেট্রিক টন): প্রযোজ্য নয়।

ছ. ঢাকা-চট্টগ্রাম মেট্রো এলাকায় পানি সরবরাহ (হাজার গ্যালন): প্রযোজ্য নয়।

(৬) প্রধান প্রধান সেক্টর কর্পোরেশনসমূহের লাভ/লোকসান : প্রযোজ্য নয়।

## (৭) অডিট আপত্তি

ক. অডিট আপত্তি সংক্রান্ত তথ্য:

| মন্ত্রণালয়/ সংস্থার নাম | অডিট আপত্তির সংখ্যা | টাকার পরিমাণ (লক্ষ টাকায়) | ব্রডশীটে জবাবের সংখ্যা | নিষ্পত্তির সংখ্যা | জের | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| সমাজসেবা অধিদপ্তর | সাধারণ-২৩৩টি<br>অগ্রীম- ১১১টি<br>৩৪৪ টি | ৯৫৯৫৮২১০১<br>৬৯২২১৬৬১৫<br>১৬৫১৭৯৮৭১৬ (একশত পয়ষট্টি কোটি সতের লক্ষ আটানব্বই হাজার সাতশত ষোল) | ০৬টি (সাধারণ) | | সাধারণ-২৩৩টি<br>অগ্রীম- ১১১টি<br>৩৪৪ টি<br>টাকার পরিমান<br>৯৫৯৫৮২১০১<br>৬৯২২১৬৬১৫<br>১৬৫১৭৯৮৭১৬ টাকা<br>(একশত পয়ষট্টি কোটি সতের লক্ষ আটানব্বই হাজার সাতশত ষোল) | ১। সুপারিশকৃত ১৩টি অগ্রীম আপত্তির নিষ্পত্তি পত্র জারী করার জন্য অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। এখনো নিষ্পত্তিপত্র পাওয়া যায়নি।<br>২। ০৪/১০/২০২১ তারিখে ত্রি-পক্ষীয় সভায় সুপারিশকৃত ০৭টি অগ্রীম নিষ্পত্তির পত্র জারী করার জন্য ১৮/১১/২০২১ তারিখে প্রশাসনিক মন্ত্রণালয়ে হতে সিভিল অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। এখনো নিষ্পত্তিপত্র পাওয়া যায়নি।<br>৩। ২৬টি সাধারণ আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে ২৬/১২/২১ তারিখ দ্বি-পক্ষীয় সভা অনুষ্ঠিত হয়েছে। তন্মেধ্যে ১৮টি আপত্তি নিষ্পত্তির সুপারিশ করা হয়েছে। নিষ্পত্তিপত্র জারী করার জন্য ২৪/২/২০২২ তারিখ অডিট অধিদপ্তরে পত্র প্রেরণ করা হয়েছে। |

খ. অডিট রিপোর্টে গুরুতর/বড় রকমের কোন জালিয়াতি/অর্থ আত্মসাৎ, অনিয়ম ধরা পড়ে থাকলে সেসব কেসসমূহের তালিকা: নেই।

## (৮) শৃঙ্খলা ও বিভাগীয় মামলা (মন্ত্রণালয় ও অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা):

| মন্ত্রণালয়/ অধিদপ্তর/সংস্থা সমূহে পুঞ্জিভূত মোট বিভাগীয় মামলার সংখ্যা | মন্ত্রণালয়/ অধিদপ্তর/সংস্থা সমূহে বর্তমান মাসে মামলার সংখ্যা | মন্ত্রণালয়/ অধিদপ্তর/সংস্থা সমূহে মোট মামলার সংখ্যা (১+২) | গত মাসে নিষ্পত্তির সংখ্যা | | | | বর্তমান অর্থবছরে মোট নিষ্পত্তিকৃত বিভাগীয় মামলার সংখ্যা | বর্তমানে অনিষ্পত্তিকৃত বিভাগীয় মামলার সংখ্যা (৩-৭) |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | চাকুরীচ্যুত /বরখাস্ত | অন্যান্য দন্ড | অব্যাহতি | মোট (৪+৫+৬) | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ১৩৩ | ০১ | ১৩৪ | ০০ | ০১ | ০৩ | ০৪ | ১৫ | ১৩০<br>১ম শ্রেণির ৪২ টি,<br>২য় শ্রেণির ০৫ টি,<br>৩য় শ্রেণির ৫৩ টি,<br>৪র্থ শ্রেণির ৩০ টি<br>মোট = ১৩০ টি |

(৯) **মানবসম্পদ উন্নয়ন**

ক. প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রশিক্ষণ কর্মসূচি :

| ক্র: | প্রশিক্ষণ কর্মসূচির নাম | প্রশিক্ষণের মেয়াদ | উদ্যোগী সংস্থা/এজেন্সীর নাম | মন্ত্রণালয় এবং আওতাধীন সংস্থাসমূহ থেকে অংশগ্রহণকারীর সংখ্যা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | বৃত্তিমূলক প্রশিক্ষণ (সেলাই, গবাদি পশু পালন, ক্ষুদ্র ব্যবসা এবং হাঁস-মুরগি পালন) | সংক্ষিপ্ত প্রশিক্ষণ | উপজেলা সমাজসেবা কার্যালয় | ৩০,৯৮৫ জন |
| ২ | দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ | ০৩ মাস, ০৬ মাস ৩৬০ ঘন্টার ব্যাসিক ট্রেড কোর্স, বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড কর্তৃক অনুমোদিত | শহর সমাজসেবা কার্যালয় কর্তৃক পরিচালিত ৮০টি দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্র | শুরু থেকে এ পর্যন্ত প্রশিক্ষণার্থীর সংখ্যা ৩,০৬,০৮৩ জন। এর আওতাধীন এতিম প্রতিবন্ধী ও অন্যান্য প্রশিক্ষণার্থীর সংখ্যা ৩,০৬০ জন |
| ৩ | ৪৭তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স (চলমান) | ০৭ নভেম্বর ২০২১ হতে ৩১ মার্চ ২০২২ | জাতীয় সমাজসেবা একাডেমি | ৩৫ জন |
| ৪ | Training Course on Budget Management (TCBM) (১ম ব্যাচ) | ০৯ হতে ১০ ফেব্রুয়ারি ২০২২ | | ৪০ জন |
| ৫ | Training Course on Budget Management (TCBM) (২য় ব্যাচ) | ১৩ হতে ১৪ ফেব্রুয়ারি ২০২২ | | ৪০ জন |
| ৬ | Training Course on Budget Management (TCBM) (৩য় ব্যাচ) | ১৫ হতে ১৬ ফেব্রুয়ারি ২০২২ | | ৪০ জন |
| ৭ | পেশাগত দক্ষতা উন্নয়ন (৪র্থ শ্রেণী) | ৩ দিন | আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, চট্টগ্রাম | ২০ জন |

খ. মন্ত্রণালয়/অধিদপ্তর কর্তৃক গত মাসে ইন-হাউজ প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকলে তার বর্ণনা : জাতীয় সমাজসেবা একাডেমি কর্তৃক ১৬ হতে ১৭ ফেব্রয়ারি ২০২২ পর্যন্ত ০২ (দুই) কর্মদিবস ইন-হাউজ প্রশিক্ষণের আয়োজন করা হয়।

গ. প্রশিক্ষণ কর্মসূচিতে কর্মকর্তা/কর্মচারিদের অংশগ্রহণ বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা : নেই।

ঘ. মন্ত্রণালয়ে অন্ দা জব ট্রেনিং (OJT) এর ব্যবস্থা আছে কি না; না থাকলে অন্ দা জব ট্রেনিং আয়োজন করতে বড় রকমের কোন অসুবিধা আছে কি নাঃ প্রযোজ্য নহে।

ঙ. প্রতিবেদনাধীন মাসে প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা : নেই ।

(১০) বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের উল্লেখযোগ্য কার্যাবলী/আইন, বিধি ও নীতি প্রণয়ন/সমস্যা-সঙ্কট: বিভিন্ন কার্যালয়ে/প্রতিষ্ঠানে ১ম শ্রেণির ১২৩ জন, ২য় শ্রেণির ৪১১ জন, ৩য় শ্রেণির ১০৭৬ জন এবং ৪র্থ শ্রেণির ৩১৫ জন মোট ১ হাজার ৯২৫ জন জনবল না থাকায় কার্যাবলী সুষ্ঠুভাবে পরিচালনায় বিঘ্ন সৃষ্টি হচ্ছে।

ক. প্রতিবেদনাধীন মাসে নতুন আইন, বিধি ও নীতি প্রণয়ন হয়ে থাকলে তার তালিকা : নেই।

খ). প্রতিবেদনাধীন মাসে অতীব গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কার্যাবলী :

(০১) ২০২১-২২ অর্থবছরের ১ম, ২য় ও ৩য় কিস্তির (জুলাই/২১ হতে মার্চ/২২) পর্যন্ত প্রশাসনিক মন্ত্রণালয় হতে অর্থ ছাড় করা হয়েছে। ১ম ও ২য় কিস্তির অর্থ মাঠ পর্যায়ে বিতরণ করা হয়েছে। ৩য় কিস্তি (জানুয়ারি/২২ হতে মার্চ/২২) পর্যন্ত অর্থ মার্চ মাসেই বিতরণ করা হবে। ২৮ ফেব্রুয়ারি/২২ পর্যন্ত ভাতা ব্যবস্থাপনা সিস্টেম Management Information System (MIS) এ মোট ১ কোটি ২ লক্ষ ৮৪ হাজার জন বয়স্ক, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ও অসচ্ছল প্রতিবন্ধী ভাতাভোগীদের মধ্যে প্রায় ৯৮ লক্ষ ১৮ হাজার ৮১৮ জনের EFT এর মাধ্যমে ভাতার অর্থ প্রেরণ করা হয়েছে। বিতরণের হার ৯৪.৮০% এবং EFT মাধ্যমে ভাতার অর্থ প্রেরণের কাজ চলমান রয়েছে।

(০২) ২০২১-২২ অর্থবছরের বাজেটে সুদমুক্ত ক্ষুদ্রঋণ (আরএসএস এবং দগ্ধ ও প্রতিবন্ধী) কার্যক্রমের ২৮.৪৩ কোটি টাকার মধ্যে ২য় কিস্তি বাবদ ০৭ কোটি ১০ লক্ষ ৭৫ হাজার টাকার বিভাজন উপজেলা পর্যায়ে প্রেরণ করা হয়েছে এবং ঋণ বিতরণ কার্যক্রম চলমান আছে। ৩য় কিস্তির ছাড়করণের জন্য প্রশাসনিক মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে।

(০৩) ২০২১-২২ অর্থবছরের বাজেটে পল্লী মাতৃকেন্দ্র (আরএমসি) কার্যক্রমের ২৩ কোটি ৩২ লক্ষ টাকার মধ্যে ২য় কিস্তি বাবদ ০৫ কোটি ৮৩ লক্ষ টাকা উপজেলা পর্যায়ে প্রেরণ করা হয়েছে। ৩য় কিস্তির ছাড়করণের জন্য প্রশাসনিক মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে।

(০৪) ২০২১-২২ অর্থবছরের বাজেটে সুদমুক্ত ক্ষুদ্রঋণ কার্যক্রমের (ইউসিডি) কর্তৃক ১০.৬০ কোটি টাকার মধ্যে ৩য় কিস্তি বাবদ ২ কোটি ৬৫ লক্ষ টাকার বিভাজন মাঠ পর্যায়ে শহর সমাজসেবা কার্যালয়ে প্রেরণ করা হয়েছে এবং ঋণ বিতরণ চলমান রয়েছে। ৪র্থ কিস্তির অর্থ প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ প্রক্রিয়া চলমান।

(০৫) ২০১১-২০১২ অর্থবছর থেকে দেশব্যাপী প্রতিবন্ধিতা সনাক্তকরণ জরিপ কর্মসূচি চলমান রয়েছে। ২৮ ফেব্রুয়ারি ২০২২ পর্যন্ত এন্ট্রিকৃত প্রতিবন্ধী ব্যক্তির সংখ্যা ২৪ লক্ষ ৯৩ হাজার ১৭৯ জন।

(০৬) ০১-২৮ জানুয়ারি ২০২২ পর্যন্ত মোট এন্ট্রিকৃত প্রতিবন্ধী ব্যক্তির সংখ্যা ২১ হাজার ২৬ জন। এর মধ্যে অনুমোদিত প্রতিবন্ধী ব্যক্তির সংখ্যা ১৩ হাজার ১৪৬ জন এবং ২০ হাজার ৩৪৬ জন প্রতিবন্ধী ব্যক্তির মাঝে আইডি কার্ড বিতরণ করা হয়েছে।

(০৭) সমাজসেবা অধিদপ্তরের গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখা থেকে প্রশাসনিক মন্ত্রণালয়ে মাসিক, ত্রৈমাসিক এবং তাৎক্ষনিকভাবে বিভিন্ন তথ্য বা প্রতিবেদন প্রেরণের লক্ষ্যে নির্ধারিত "ছক" মোতাবেক প্রতিষ্ঠান শাখার ফোকাল পয়েন্ট ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা মনোনীত করে স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৬৩.৩১.০০১.১৬.৬৩ তারিখ ০১ ফেব্রুয়ারি যোগে পরিচালক (প্রশাসন ও অর্থ) মহোদয় বরাবর প্রেরন করা হয়েছে।

(০৮) 'পরিত্যক্ত শিশুর অধিকার সুরক্ষা আইন, ২০২১' প্রণয়ন শীর্ষক কর্মশালায় অংশগ্রহণের জন্য বিভিন্ন মন্ত্রণালয়ের মনোনিত প্রতিনিধিদের নামের তালিকা প্রেরণের অনুরোধ জানিয়ে অধিদপ্তর হতে স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৬৩.২২.০২৯.২১.০৫ তারিখ ০২ ফেব্রুয়ারি ২০২২ যোগে সমাজকল্যাণ মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে।

(০৯) জাতীয় কারিগরি পরামর্শ কমিটির সুপারিশের আলোকে শিক্ষা প্রতিষ্ঠান নিরাপদ ও সুরক্ষিত রাখার জন্য সমাজসেবা অধিদপ্তরের আওতাধীন সরকারি শিশু পরিবারসহ সকল প্রতিষ্ঠানে কোভিড-১৯ প্রতিরোধের লক্ষ্যে টিকা প্রদান নিশ্চিতকরণ ও নির্ধারিত ছকে দৈনিক তথ্য প্রদানের অনুরোধ জানিয়ে অধিদপ্তর হতে স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৬২.১৮.০০২.২১.১৫ তারিখ ০৩ ফেব্রুয়ারি ২০২২ যোগে সকল জেলা সমাজসেবা কার্যালয়ের উপপরিচালক বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(১০) "Trafficking in Persons (TIP)-2022" প্রতিবেদন প্রণয়নের জন্য Questionnaire এর আলোকে প্রতিবেদন প্রস্তুত করে অধিদপ্তর হতে স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৬৩.৩১.০০১.১৬.৬৮ তারিখ ০৩ ফেব্রুয়ারি ২০২২ যোগে সমাজকল্যাণ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।

(১১) শিশু কল্যাণ বোর্ড পুনর্গঠনের নিমিত্ত ০২ (দুই) জন গণ্যমান্য ব্যক্তি এবং প্রতিষ্ঠিত বেসরকারি স্বেচ্ছাসেবী শিশু বিষয়ক সংস্থার ০১ (জন) প্রতিনিধির নামের তালিকা প্রেরণের বিষয়টি মন্ত্রণালয় হতে নিষ্পন্নের অনুরোধ জানিয়ে অধিদপ্তর হতে স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৬৩.২২.০৩২.১৩.৭৩ তারিখ ০৬ ফেব্রুয়ারি ২০২২ যোগে সমাজকল্যাণ মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে।

(১২) সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক নিবন্ধিত ৪০৩৪ টি বেসরকারি এতিমখানার ১,০৬,০০,০০০ (এক লক্ষ ছয় হাজার) জন এতিম শিশুর অনুকূলে ২০২১-২০২২ অর্থ বছরে ১ম কিস্তি (জুলাই/২০২১ হতে ডিসেম্বর/২০২১) সরকারি অনুদান (ক্যাপিটেশন গ্রান্ট) বাবদ ১২৭,২০,০০,০০০/- (একশত সাতাশ কোটি বিশ লক্ষ) টাকা বরাদ্দ প্রদান করা হয়, যা অধিদপ্তর হতে পৃষ্ঠাংকন করে নম্বর: ৪১.০১.০০০০.০৬২.২০.০৫৯.১৮.৭৫ তারিখ ০৭ ফেব্রুয়ারি ২০২২ যোগে সংশ্লিষ্ট সকল কার্যালয়/প্রতিষ্ঠান বরাবর প্রেরণ করা হয়েছে।

(১৩) যুক্তরাষ্ট্রের Department of State কর্তৃক প্রকাশিত Trafficking in Persons Report-2021-এ বর্ণিত অগ্রাধিকার ভিত্তিক করনীয়/সুপারিশ (Prioritized Recommendations) সংক্রান্ত তথ্য প্রস্তুত করে অধিদপ্তর হতে স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৬৩. ১২৫.২২.৮৫ তারিখ ১৬ ফেব্রুয়ারি ২০২২ যোগে সমাজকল্যাণ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।

(১৪) সমাজসেবা অধিদপ্তর কর্তৃক পরিচালিত আবাসিক প্রতিষ্ঠানসমূহের নিবাসিদের মাথাপিছু মাসিক খোরাকী ভাতা ৩৫০০/- (তিন হাজার পাঁচশত) টাকা থেকে ৪০০০/- (চার হাজার) টাকায় উন্নীত হওয়ায় উক্ত টাকার বিভাজন প্রস্তুত করে অধিদপ্তর হতে স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৬২.২০.২৬৩.৮৩.১৬.৪৮ তারিখ ১৬ ফেব্রুয়ারি ২০২২ যোগে সকল জেলা সমাজসেবা কার্যালয়ের উপপরিচালক বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(১৫) বিভিন্ন আবাসিক প্রতিষ্ঠানের ২০২১-২০২২ অর্থ বছরে অনুমোদিত দরপত্র অনুযায়ী "ঙ" গ্রুপভূক্ত বিবিধ মালামাল ক্রয়ের নিমিত্ত সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরিত চাহিদাপত্র (এ পর্যন্ত প্রাপ্ত) যাচাই -বাছাই ও পরীক্ষা-নিরীক্ষান্তে সুপারিশকৃত অর্থ বরাদ্দ ও মঞ্জুরীর জন্য পরিচালক (প্রশাসন ও অর্থ) মহোদয় বরাবর ইউ ও নোট প্রেরন করা হয়েছে।

(১০) গ. আগামী ২ মাসে (মার্চ ২০২২, এপ্রিল ২০২২) সম্পাদিতব্য অতীব গুরুত্বপূর্ণ কাজের তালিকা:

(০১) সমাজসেবা অধিদপ্তরাধীন বিভিন্ন প্রতিষ্ঠানের নিবাসিদের এইচ এস সি/২০২২ পরীক্ষার ফলাফল সংগ্রহপূর্বক একীভূত আকারে প্রস্তুত করে যথাযথ কর্তৃপক্ষ বরাবর উপস্থাপন করা হবে।

(০২) ২০২১-২২ অর্থবছরের বাজেটে সুদমুক্ত ক্ষুদ্রঋণ (আরএসএস এবং দগ্ধ ও প্রতিবন্ধী) কার্যক্রমের বরাদ্দকৃত ৩য় কিস্তির ০৭ কোটি ১০ লক্ষ ৭৫ হাজার টাকা বিতরণের জন্য মাঠ পর্যায়ে প্রেরণ করা হবে।

(০৩) a2i এর সহযোগিতায় ক্ষুদ্রঋণ ব্যবস্থাপনা সিস্টেম/Micro Credit Monitoring System (MCMS) সফটওয়ার এ গত ২৪ জানুয়ারি ২০২২ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তের আলোকে আগামী দুই মাসের মধ্যে কালিয়াকৈর, বেলাব, বাজিতপুর, মেলান্দহ এবং ইউসিডি, টাংগাইল এ ডাটা এন্ট্রির কাজ শুরু করা হবে।

(০৪) পল্লী মাতৃকেন্দ্র (আরএমসি) কার্যক্রমের ২০২১-২২ অর্থবছরের বরাদ্দপ্রাপ্ত সর্বমোট ২৩.৩২ কোটি (তেইশ কোটি বত্রিশ লক্ষ) টাকার মধ্যে ৩ কিস্তি বাবদ ০৫ কোটি ৮৩ লক্ষ টাকা যথাসময়ে উপজেলা পর্যায়ে বিনিয়োগ নিশ্চিতকরণ।

(০৫) ২০২১-২২ অর্থবছরের বাজেটে পল্লী মাতৃকেন্দ্র (আরএমসি) কার্যক্রমের ৪র্থ কিস্তির ছাড়করণের প্রস্তাব প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে।

ঘ. আগামী দুই মাসে (মার্চ ২০২২, এপ্রিল ২০২২) বড় রকমের কোন সমস্যা/সঙ্কটের আশঙ্কা করা হলে তার বিবরণ:- নেই।

০৩/০৩/২২

০৩/০৩/২২

০৩/০৩/২২
তাসলিমা খাতুন
সহকারী পরিচালক
(গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখা)
সমাজসেবা অধিদপ্তর।

০৩/০৩/২২
রকিব আহমেদ
উপপরিচালক
(গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখা)
সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।

০৩/০৩/২২
পরিচালক (প্রশাসন ও অর্থ)